

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৩৯৬/২০১৩ - ১৬৪২

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

বিষয়: শুনানীতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ.আর.এস ট্রাভেলস (হজ লাইসেন্স নং ৬৮৩) এর বিরুদ্ধে জনাব সাহানা বেগম কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ২১/১১/২০২২খ্রি. তারিখ, সোমবার সকাল ১১.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমাণকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তাঁরা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযোগকারীর নাম ও ঠিকানা	অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
জনাব সাহানা বেগম মোবাইল নং-০১৭৯৩৫৬৭৩৩১	এ.আর.এস ট্রাভেলস (হজ লাইসেন্স নং ৬৮৩)	গত ১০/০৩/২০২০ ইং তারিখে ৩ জন হজে যাওয়ার জন্য ৮,০০,০০০ (আট লক্ষ) টাকা প্রদান করেন। বাকি টাকা ফ্লাইটের সময় প্রদান করা হবে। কিন্তু করোনা পরিস্থিতির কারণে ২০২০ সালে বাংলাদেশ থেকে কোন হজযাত্রী হজে যেতে পারেনি। তাই তারা টাকা ফেরত দেওয়ার জন্য অনুরোধ করেন। গত ০২ বৎসর যাবৎ এ টাকা এজেন্সি ফেরত দিচ্ছে না বরং টাকা চাইলে নানান ধরনের টালবাহানা করেন। তাদের মতে আরো অনেকেই তার অফিসে টাকা ফেরত চাইলে সে হুমকি দেয়া উল্লেখ্য যে, ৮,০০,০০০ (আট লক্ষ) টাকার মধ্যে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গত এপ্রিল/২০২২ এ পরিশোধ করেন। বাকি টাকা নিয়ে টালবাহানা করছেন। টাকা ফেরত পাওয়ার জন্য অভিযোগ দাখিল করেন।

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১১

e-mail:morahajsection@gmail.com

জনাব শহিদুল ইসলাম
স্বাক্ষরকারী, এ.আর.এস ট্রাভেলস (হজ লাইসেন্স নং ৬৮৩)
Suit#10/H (10th Floor), 55 Purana Paltan, Dhaka-1000.

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৩৯৬/২০১৩ - ১৬৪২

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
- ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (প্রতি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- জনাব সাহান বেগম, মোবাইল নং-০১৭৯৩৫৬৭৩৩১।
- অফিস কপি

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব